

যুবলীগের দায়িত্ব দিলে উপাচার্য পদ ছাড়বেন মীজানুর

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

১৮ অক্টোবর ২০১৯, ২১:৫৬

আপডেট: ১৮ অক্টোবর ২০১৯, ২২:১৩



ড. মীজানুর রহমান। ছবি : সংগৃহীত

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) উপাচার্য (ভিসি) ড. মীজানুর রহমান প্রথম আলোকে বলেছেন, যুবলীগ ভাবমূর্তি সংকটে পড়েছে। এই সংগঠনের ভাবমূর্তি উদ্ধারে যদি তাঁকে চেয়ারম্যানের দায়িত্ব দেওয়া হয় তাহলে তিনি সেই দায়িত্ব সাদরে গ্রহণ করবেন।

বেসরকারি যমুনা টেলিভিশনে এক টকশোতে কথা প্রসঙ্গে উপাচার্য মীজানুর বলেন, যুবলীগের দায়িত্ব পেলে তিনি উপাচার্য পদ ছেড়ে দেবেন।

তাঁর এই বক্তব্যের বিষয়ে জানতে চাইলে তিনি

প্রথম আলোকে বলেন, জবি উপাচার্য হলেও তিনি এখনো যুবলীগের সভাপতিমণ্ডলীর এক নম্বর সদস্য। এই মুহূর্তে যুবলীগের চেয়ারম্যান ওমর ফারুক দায়িত্বে নেই বললেই হবে। সেই হিসেবে তাঁরই দায়িত্বে থাকার কথা। কিন্তু যেহেতু তিনি উপাচার্য হিসেবে দায়িত্ব পালন করছেন এ কারণে যুবলীগের পদে দায়িত্ব পালন করতে পারছেন না। যদিও তাঁকে যুবলীগের পদ থেকে পদচ্যুত করা হয়নি।

সামনে যুবলীগের কাউন্সিল। তিনি চেয়ারম্যান পদে লড়বেন কি না জানতে চাইলে মীজানুর রহমান বলেন, না। নিজে

থেকে তিনি কোনো পদ চাইবেন না। কখনো কোনো পদ চাননি। আওয়ামী লীগ সভানেত্রী (প্রধানমন্ত্রী শেখ হাসিনা) যদি দায়িত্ব দেন তাহলে তিনি উপাচার্য পদ ছেড়ে দিয়ে যুবলীগের পদে দায়িত্ব পালন করবেন।

উপাচার্য না যুবলীগ চেয়ারম্যান কোন পদকে আপনি বেশি গুরুত্ব দেবেন, জানতে চাইলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক এই শিক্ষক বলেন, অবশ্যই যুবলীগের পদকে গুরুত্ব দেব। যুবলীগ আমার প্রাণের সংগঠন। এই সংগঠনের জন্য অনেক কষ্ট করেছে। এখন সংগঠনটি একটি সংকটের মধ্যে দিয়ে যাচ্ছে। এর ভাবমূর্তি পুনরুদ্ধারে আমাকে দায়িত্ব দেওয়া হলে তা গ্রহণ করব।

যুবলীগের নেতৃত্বের বয়সসীমা নিয়ে আলোচনা প্রসঙ্গে উপাচার্য বলেন, এটা নেত্রী চাইলে বেঁধে দিতে পারেন। এখন যিনি চেয়ারম্যান তাঁর বয়সটা অনেক বেশি। এটা তো আগে ছিল না। তবে বেঁধে দেওয়ার আগের গড় আয়ু যে বেড়েছে সেটা বিবেচনায় নিতে হবে। তবে কম বয়সীদের নেতৃত্বে আনলে নতুন নেতৃত্ব গড়ে উঠবে, এটাও একদিন থেকে ভালো।